

## সভার কার্যবিবরণী

সভার স্থান: বড়চাপা ইউনিয়ন পরিষদ কার্যালয়।

সভার সময়: সকাল ১১.০০ টা

সভার তারিখ: ০৫/০৯/২০২৩ ইং

### উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর

ক্রঃ নং	সদস্যদের নাম	পদবী	ওয়ার্ড	স্বাক্ষর	মন্তব্য
০১	উপাধ্যক্ষ এম সুলতান উদ্দিন	ইউপি চেয়ারম্যান		স্বাক্ষরীত	
০২	রোকেয়া বেগম	ইউপি সদস্যা	১, ২ ও ৩	„	
০৩	রোকেয়া ছাত্তার	ইউপি সদস্যা	৪, ৫ ও ৬	„	
০৪	মনোয়ারা বেগম	ইউপি সদস্যা	৭, ৮ ও ৯	„	
০৫	কামাল হোসেন খোকা	ইউপি সদস্য	০১	„	
০৬	মুহাম্মদ জয়নাল আবেদীন	ইউপি সদস্য	০২	„	
০৭	আঃ মান্নান দেওয়ান	ইউপি সদস্য	০৩	„	
০৮	মামুনুর রশিদ মুমিন	ইউপি সদস্য	০৪	„	
০৯	শাহাদাত হোসেন রুপালী	ইউপি সদস্য	০৫	„	
১০	শফিকুল ইসলাম রিপন	ইউপি সদস্য	০৬	„	
১১	মোহাম্মদ মিজানুর রহমান	ইউপি সদস্য	০৭	„	
১২	মোঃ কবির হোসেন	ইউপি সদস্য	০৮	„	
১৩	মোঃ আবুল হোসেন	ইউপি সদস্য	০৯	„	

### আলোচ্য বিষয়ঃ

- ১। পবিত্র কোরআন তেলাওয়াত ও পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা।
- ২। টি আর, কাবিখা ও কাবিটা ১ম পর্যায়ের আওতায় বাস্তবায়নযোগ্য প্রকল্প বাছাই।
- ৩। বিবিধ

অদ্য ০৫/০৯/২০২৩ ইং তারিখ রোজ বুধবার সকাল ১১ ঘটিকার সময় বড়চাপা ইউনিয়ন পরিষদ কার্যালয়ে অত্র বড়চাপা ইউপি এর সম্মানিত চেয়ারম্যান সাহেব এবং সদস্যবৃন্দের একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব উপাধ্যক্ষ এম সুলতান উদ্দিন। সভাপতি সাহেব উপস্থিত সকলকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

০১ নং আলোচনা অনুযায়ী পবিত্র কোরআন তেলাওয়াতের পর পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নিয়ে পুনরায় আলাপ-আলোচনা ও পর্যালোচনা করা হয়।

০২ নং আলোচনা অনুযায়ী সভাপতি সাহেব উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষন (টি আর-নগদ টাকা) ১ম পর্যায় এর আওতায় ৩,০০,০০০/- (তিন লক্ষ মাত্র) টাকা, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্য শস্য) ১ম পর্যায় এর আওতায় ৪.০০ মেঃ টন চাউল এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-নগদ টাকা) ১ম পর্যায় এর আওতায় ৪,৬৫,০০০/- (চার লক্ষ ষয়ষষ্টি হাজার মাত্র) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দসমূহের বিপরীতে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ বাছায়ের কথা বলা হলে ০২ নং ওয়ার্ডের সদস্য জনাব মুহাম্মদ জয়নাল আবেদীন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের বিধি বিধান সম্পর্কে জানতে চাইলে সভাপতি সাহেব বলেন যে, উল্লেখিত কর্মসূচীর বরাদ্দকৃত টাকা ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান ও গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা ২০২১ এ বর্ণিত অনুশাসনবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে। তাছাড়া কাবিখা/কাবিটা কর্মসূচীর বরাদ্দকৃত টাকা অথবা খাদ্যশস্য ব্যয়ে এই কর্মসূচীর বাস্তবায়ন নির্দেশিকা ২০২১ এর অনুচ্ছেদ ৩,৪ ও ৫ অনুসরণ করতে হবে। সকলের অনুরোধে সভাপতি সাহেব এই নির্দেশিকাসমূহ পড়ে শোনান। পরে বিস্তারিত আলাপ-আলোচনার পর ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষন (টি আর-নগদ টাকা) ১ম পর্যায়, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্য শস্য) ১ম পর্যায় এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-নগদ টাকা) ১ম পর্যায় এর আওতায় বাস্তবায়নের নিমিত্তে নিম্নলিখিত প্রকল্পসমূহ গৃহীত হয়।

২০২৩-২০২৪ অর্থবছরে টি আর (নগদ অর্থ) ১ম পর্যায় এর আওতায় বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ

ক্রঃ নং	প্রকল্পের নাম	বরাদ্দ	ওয়ার্ড	মন্তব্য
০১	কাহেতের গাঁও ব্রান্সনের ভিটার রাস্তা সংস্কার	৫৫,০০০/-	০৯	
০২	ব্রান্সনেরগাঁও পাকা রাস্তা হইতে মিজান মেম্বারের বাড়ি অভিমুখী রাস্তা সংস্কার।	৬০,০০০/-	০৭	
০৩	বড়চাপা জান্নাতুল নাঈম সামাজিক কবরস্থানে মাটি ভরাট।	৭০,০০০/-	০৪	
০৪	চালাকচর –বড়চাপা পাকা রাস্তা হইতে আলোয়াকান্দি টেকচর সপনের বাড়ি অভিমুখী রাস্তা সংস্কার।	৬০,০০০/-	০১	
০৫	আতুশাল বি এম কলেজের সামনে হইতে পূর্ব দিকে সেলিমের বাড়ি অভিমুখী রাস্তা সংস্কার।	৫৫,০০০/-	০৮	
সর্বমোট		৩,০০,০০০/-		

২০২৩-২০২৪ অর্থবছরে কাবিটা (নগদ অর্থ) ১ম পর্যায় এর আওতায় বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ

ক্রঃ নং	প্রকল্পের নাম	বরাদ্দ	ওয়ার্ড	মন্তব্য
০১	বড়চাপা আলের বাড়ি পাকা রাস্তা হইতে মামুন মেস্বারের বাড়ি অভিমুখী রাস্তায় মাটি ভরাট।	৪,৬৫,০০০/-	০৪	

২০২৩-২০২৪ অর্থবছরে কাবিখা (খাদ্য শস্য- চাল) ১ম পর্যায় এর আওতায় বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ

ক্রঃ নং	প্রকল্পের নাম	বরাদ্দ	ওয়ার্ড	মন্তব্য
০১	বাল্লা পাকা রাস্তা হইতে বেপারী পাড়া অভিমুখী রাস্তায় মাটি ভরাট।	৪.০০ মে.টন	০৩	

বিবিধাংশে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।